গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গোলাপগঞ্জ, সিলেট
www.golapganj.sylhet.gov.bd

## আগস্ট ২০২৫ মাসে অনুষ্ঠিত উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : মিলটন চন্দ্র পাল, উপজেলা নির্বাহী অফিসার, গোলাপগঞ্জ, সিলেট
তারিখ : ২৭ আগস্ট, ২০২৫ খ্রিস্টাব্দ
সময় : সকাল ১০.৩০ ঘটিকা
সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ
(সভায় উপস্থিতির স্বাক্ষর পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো)

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরন করা হয়।

| ক্রমিক নং | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১। | **আইন-শৃঙ্খলা পরিস্থিতি:** গোলাপগঞ্জ মডেল থানার অফিসার ইনচার্জ এর প্রতিনিধি মাসিক আইনশৃঙ্খলা সভায় জুলাই ২০২৫ মাসের অপরাধ পরিসংখ্যান উপস্থাপন করেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় জুলাই ২০২৫ মাসে গোলাপগঞ্জ মডেল থানায় নারী ধর্ষণ-০১টি, মাদক-০২টি, চুরি-০২টি, অন্যান্য মামলা-১৭ টিসহ মোট ২২টি মামলা রুজু হয়। মোট গ্রেফতারকৃত আসামী ০৯ জন। নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা ২৩টি। জুন ২০২৫ মাসের তুলনায় জুলাই ২০২৫ মাসে মামলা দায়ের পরিমান বেশি এবং নিষ্পত্তির পরিমানও বেশি। | অপরাধ নিয়ন্ত্রণ এর জন্য নিয়মিত পুলিশি টহল ও অন্যান্য কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য এবং প্রতি মাসের অপরাধ বিবরণী পরবর্তী মাসের ০৩ তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত করার জন্য অফিসার ইন-চার্জ গোলাপগঞ্জ মডেল থানাকে অনুরোধ করা হলো। | অফিসার ইন চার্জ গোলাপগঞ্জ মডেল থানা, গোলাপগঞ্জ, সিলেট |
| ০২। | **ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটি:** ১১ টি ইউনিয়ন পরিষদ হতে জুলাই ২০২৫ মাসের আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী পাওয়া গেছে। ইউনিয়ন পরিষদের সার্বিক আইন-শৃংখলা পরিস্থিতির বিবরণ : | ইউনিয়ন পর্যায়ে যে কোন অপ্রীতিকর ঘটনা তাৎক্ষনিকভাবে আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ গোলাপগঞ্জ মডেল থানাকে অনুরোধ করা হলো। প্রতি মাসে আইন-শৃঙ্খলা কমিটির সভা করে সভার কার্যবিবরণী পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত করার জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করা হলো। | ১। অফিসার ইন-চার্জ গোলাপগঞ্জ মডেল থানা, গোলাপগঞ্জ, সিলেট<br><br>২। ইউপি চেয়ারম্যান (সকল) গোলাপগঞ্জ, সিলেট |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | (ক) চেয়ারম্যান, ৫নং বুধবারী বাজার ইউপি: চেয়ারম্যান, ৫নং বুধবারী বাজার ইউপি সভাকে জানান বর্তমানে তাঁর এলাকায় মাদকের উৎপাত বৃদ্ধি পাচ্ছে। বখাটে ছেলেরা রাতে অযথা ঘুরাফেরা করে। তিনি আরও জানান যে, আইনশৃংখলা মিটিং এ অফিসার ইনচার্জ মহোদয় উপস্থিত থাকা একান্ত জরুরী। এ বিষয়ে যথাযথ কর্তৃপক্ষ কার্যকরী পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ করেন। | (ক) ৫নং বুধবারী বাজার ইউনিয়নে মাদকের উৎপাত বৃদ্ধি এবং বখাটে ছেলেরা রাতে অযথা ঘুরাফেরার ব্যাপারে অফিসার ইন-চার্জ গোলাপগঞ্জ মডেল থানা, গোলাপগঞ্জ, সিলেট-কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধানত গৃহিত হয়। | (ক) অফিসার ইন-চার্জ, গোলাপগঞ্জ মডেল থানা, গোলাপগঞ্জ, সিলেট |
| | (খ) চেয়ারম্যান, ৬নং ঢাকাদক্ষিন ইউপি: চেয়ারম্যান, ৬নং ঢাকাদক্ষিন ইউপি সভাকে জানান তাঁর ইউনিয়নে ঢাকাদক্ষিন পূর্ব বাজার ও পশ্চিম বাজার ২/৩ জায়গায় জুয়া খেলা চলে। তিনি আরও জানান যে, কাকেশ্বর নদীতে কিং কামরান এর বিল্ডিং হেলে অন্য এক বিল্ডিংএ পড়ে আছে। এ ব্যাপারে যথাযথ কর্তৃপক্ষ কার্যকরী পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ করেন। | (খ) ঢাকাদক্ষিন পূর্ব বাজার ও পশ্চিম বাজার ২/৩ জায়গায় জুয়া খেলার ব্যাপারে অফিসার ইন-চার্জ গোলাপগঞ্জ মডেল থানা, গোলাপগঞ্জ, সিলেট-কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | (খ) অফিসার ইন-চার্জ, গোলাপগঞ্জ মডেল থানা, গোলাপগঞ্জ, সিলেট |
| | (গ) চেয়ারম্যান, ০৮নং ভাদেশ্বর ইউপি: চেয়ারম্যান, ০৮নং ভাদেশ্বর ইউপি সভাকে জানান তাঁর ইউনিয়নে গত ২৫/০৮/২০২৫ তারিখে মাদকদ্রবের উপর অভিযান পরিচালনা করা হয়। পরিচালনাকালে ৩০০ পিছ ইয়াবা ও নগদ কিছু টাকা উদ্ধার করে নিয়িমত মামলা করা হয়। যাহার মামলা নং-২৫, তারিখঃ ২৫/০৮/২০২৫। এ রকম কার্যক্রমের জন্য উপজেলা প্রশাসনসহ অন্যান্য দপ্তরের প্রধানকে ইউনিয়ন বাসীর পক্ষ থেকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | (গ) মাদকদ্রবের উপর অভিযান পরিচালনার জন্য উপজেলা প্রশাসনসহ অন্যান্য দপ্তরের প্রধানকে ০৮নং ভাদেশ্বর ইউনিয়ন বাসীর পক্ষ থেকে ধন্যবাদ জ্ঞাপনের সিদ্ধান্ত গৃহিত হয়। | (গ) সদস্য (সকল), উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, গোলাপগঞ্জ, সিলেট |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ০৩ | **আসামী গ্রেফতার/চুরি/ডাকাতি/চাঁদাবাজি:** গোলাপগঞ্জ মডেল থানার অফিসার ইনচার্জ সভাকে জানান ওয়ারেন্টভুক্ত আসামী গ্রেফতার অভিযান অব্যাহত রয়েছে। মাদক নির্মুল এবং অপরাধ দমনে অব্যাহত রয়েছে। চুরির বিষয়ে পুলিশের কার্যক্রম অব্যাহত রয়েছে। চুরির বিষয়ে ডাকাতি বলে মাইকিং এবং লাইভ প্রচারের ব্যাপারে সর্তকতা অবলম্বন করার জন্য মসজিদের ইমাম/মুয়াজিনকে অনুরোধ করেন। প্রত্যকটি বাজারে সিকিউরিটি নাইট গার্ড ব্যবস্থা করার জন্য ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করেন। জুয়া-মাদকের ব্যাপারে সবাইকে তথ্য দিয়ে সহযোগিতা করার জন্য অনুরোধ করেন। এ ব্যাপারে সবার সহযোগিতা কামনা করেন। | গোলাপগঞ্জ মডেল থানার অফিসার ইন-চার্জকে চুরি, ডাকাতি ও চাদাবাজি সংক্রান্ত অপরাধ নিয়ন্ত্রণের জন্য কার্যকরী ব্যবস্থা গ্রহণ করতে এবং প্রতি মাসের ৩ (তিন) তারিখের মধ্যে তথ্য প্রেরণ করতে অনুরোধ করা হলো। | অফিসার ইন-চার্জ গোলাপগঞ্জ মডেল থানা, গোলাপগঞ্জ, সিলেট |
| ০৪ | **মাদক/জুয়া:** সভায় গোলাপগঞ্জ উপজেলাকে মাদকমুক্ত উপজেলা হিসেবে প্রতিষ্ঠা করতে উপস্থিত সকল সদস্যগণের দৃষ্টি আকর্ষণ করেন। মাদক এবং জুয়া বন্ধ করতে গোলাপগঞ্জ থানা পুলিশ সার্বক্ষনিক তৎপর রয়েছেন মর্মে জানান। মাদকের সন্ধান পাওয়া মাত্র তথ্য দিবেন সবাই। তামাক ও মাদক মুক্ত করতে সকলকে একযোগে কাজ করার জন্য আহবান জানানো হয়। | মাদকমুক্ত উপজেলা প্রতিষ্ঠা করতে কমিটির সকল সদস্যগণকে একযোগে কাজ করার অনুরোধ করা হলো। সে সাথে প্রতি মাসে একটি প্রতিষ্ঠানে মাদক বিরোধী সমাবেশ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | সদস্য (সকল), উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, গোলাপগঞ্জ, সিলেট |
| ০৫ | **জঙ্গিবাদ/সন্ত্রাসবাদ:** সভায় সদস্যগণ জানান, গোলাপগঞ্জ উপজেলায় অদ্যাবধি জঙ্গি তৎপরতা পরিলক্ষিত হয়নি। জঙ্গিবাদ সম্পর্কে কোন তথ্য পেলে দ্রুত নিকটস্থ আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে সংবাদ দেয়ার জন্য বিভাগীয় কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। | জঙ্গিবাদ/সন্ত্রাসবাদ এর কুফল সম্পর্কে জনগণকে নিয়মিত অবহিত করতে হবে এবং এ সম্পর্কে কোন তথ্য পাওয়া গেলে দ্রুত নিকটস্থ আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে জানাতে সকলকে অনুরোধ করা হলো। | সদস্য (সকল), উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, গোলাপগঞ্জ, সিলেট |
| ০৬ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভাকে জানান পারিবারিক সহিংসতা এবং নারী ও শিশু নির্যাতন ট্রাইব্যুনাল তদন্তের জন্য পূর্বের পেন্ডিং মামলা ছিল ০৪টি। জুলাই/২০২৫ মাসে মামলা আসছে-০৪টি। মোট মামলা-০৮টি। আদালতে প্রতিবেদন প্রেরণ করা হয়েছে-০৫টি। এ মাসে প্রক্রিয়াধীন মামলা-০৩টি। | কোর্ট হতে প্রাপ্ত নারী ও শিশু বিষয়ক মামলাসমূহ দ্রুত তদন্ত করে প্রতিবেদন সংশ্লিষ্ট কোর্টে প্রেরণ করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গোলাপগঞ্জ, সিলেট |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ০৭ | **বিবিধ:** | | |
| | (ক) প্রধান শিক্ষক, গোলাপগঞ্জ জামেয়া ইসলামিয়া উচ্চ বিদ্যালয় জানান যে, গোলাপগঞ্জ পৌরসভার খাসিখালের ব্রীজ এলাকার মাদক ব্যবসা বন্ধে জোরদার এবং গোলাপগঞ্জ চৌমুহনীর যানজট নিরসন বন্ধে যথাযথ পদক্ষেপ গ্রহণ করার জন্য যথাযথ কর্তৃপক্ষের প্রতি প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধ করেন। তিনি আরও জানান যে, বিভিন্ন সময়ে স্কুলের সম্মুখে মটর সাইকেলের সাইলেন্সার খুলে বিকট শব্দ করে কিছু কিশোর গাড়ি চালায়, যা শিক্ষার্থীদের জন্য ভীতিকর পরিবেশ তৈরী হয়। এ ব্যাপারে মাঝে-মধ্যে পুলিশ টহল দেওয়ার জন্য যথাযথ কর্তৃপক্ষের প্রতি প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধ করেন। | (ক) গোলাপগঞ্জ পৌরসভার খাসিখালের ব্রীজ এলাকার মাদক ব্যবসা বন্ধে জোরদার, গোলাপগঞ্জ চৌমুহনীর যানজট নিরসন এবং বিভিন্ন সময়ে স্কুলের সম্মুখে মটর সাইকেলের সাইলেন্সার খুলে বিকট শব্দ করে গাড়ি চালানোর ব্যাপারে অফিসার ইন-চার্জ, গোলাপগঞ্জ মডেল থানা, গোলাপগঞ্জ, সিলেট-কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | (ক) অফিসার ইন-চার্জ গোলাপগঞ্জ মডেল থানা, গোলাপগঞ্জ, সিলেট |
| | (খ) শিক্ষক প্রতিনিধি, ঢাকাদক্ষিন সরকারি কলেজ, গোলাপগঞ্জ, সিলেট সভায় জানান যে, কলেজে ক্লাস শুরু ও শেষ হওয়ার সময়ে পুলিশের মোবাইল টিম টহল দিলে কলেজের শান্তি শৃংখলা রক্ষায় সহায়তা হবে। | (খ) ঢাকাদক্ষিন সরকারি কলেজ, গোলাপগঞ্জ, সিলেট এ ক্লাস শুরু ও শেষ হওয়ার সময়ে পুলিশের মোবাইল টিম টহল এর ব্যাপারে অফিসার ইন-চার্জ, গোলাপগঞ্জ মডেল থানা, গোলাপগঞ্জ, সিলেট-কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | (খ) অফিসার ইন-চার্জ গোলাপগঞ্জ মডেল থানা, গোলাপগঞ্জ, সিলেট |
| | (গ) ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি-১, গোলাপগঞ্জ, সিলেট সভায় জানান যে, কিছু কিছু জায়গায় ট্রান্সফরমার চুরি হয়। এ ব্যাপারে প্রত্যেক ইউনিয়নের গ্রাম পুলিশগণ ও মোবাইল পেট্রোল ডিউটিতে পুলিশ বাহিনীর সজাগ দৃষ্টি রাখার জন্য অনুরোধ করেন। | (গ) ট্রান্সফরমার চুরির ব্যাপারে প্রত্যেক ইউনিয়নের গ্রাম পুলিশগণ ও মোবাইল পেট্রোল ডিউটিতে পুলিশ বাহিনীর সজাগ দৃষ্টি রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | (গ) চেয়ারম্যান (সকল), ইউ/পি ও অফিসার ইন-চার্জ গোলাপগঞ্জ মডেল থানা, গোলাপগঞ্জ, সিলেট |
| | (ঘ) সহকারী কমিশনার (ভূমি), গোলাপগঞ্জ, সিলেট সভায় জানান যে, দ্রব্যমূলের উর্দ্ধগতি ও অবৈধ টিলা কাটার ব্যাপারে তথ্য দিয়ে সবাইকে সহযোগিতা করার অনুরোধ করেন। তিনি আরও জানান যে, দ্রব্যমূলের উর্দ্ধগতি, পলিথিন ও অবৈধ টিলা কাটা এর উপরে মোবাইল কোর্ট ও অভিযান/বাজার মনিটরিং অব্যহত থাকবে। | (ঘ) দ্রব্যমূলের উর্দ্ধগতি, পলিথিন ও অবৈধ টিলা এর উপরে মোবাইল কোর্ট ও অভিযান/বাজার মনিটরিং এর ব্যাপারে সহকারী কমিশনার (ভূমি), গোলাপগঞ্জ, সিলেট-কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | (ঘ) সহকারী কমিশনার (ভূমি), গোলাপগঞ্জ, সিলেট |
| | (ঙ) উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, গোলাপগঞ্জ, সিলেট সভায় জানান যে, গত কিছুদিন যাবৎ কিছু লোক AI এর মাধ্যমে হাসপাতালের নার্সসহ অন্যান্য স্টাফদের ছবি ব্যবহার করে আপত্তিকর ভিডিও, ছবি সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচার করছে, তাছাড়া হাসপাতালের ছোট-কাট বিভিন্ন বিষয় নিয়ে কর্তৃপক্ষের সাথে আলোচনা না করে ফেইজবুকে লাইভ করে। এতে সাধারণ জনগণের মধ্যে ক্ষোভ ও ভয়ভীতির প্রকাশ পায় এ ব্যাপারে সবাইকে সহযোগিতা করার অনুরোধ করেন। | | |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| | (চ) অদ্যকার সভায় সভাপতি জানান যে, ঢাকাদক্ষিন সরকারি কলেজ, গোলাপগঞ্জ, সিলেট এ ক্লাস শুরু ও শেষ হওয়ার সময়ে গেইটের বাহিরে ইভটিজিং এর ব্যাপারে পুলিশের মোবাইল টিম প্রদানের নিমিত্তে অফিসার ইন-চার্জ, গোলাপগঞ্জ মডেল থানা, গোলাপগঞ্জ, সিলেট-কে অনুরোধ করেন। | (চ) ঢাকাদক্ষিন সরকারি কলেজ, গোলাপগঞ্জ, সিলেট এ ক্লাস শুরু ও শেষ হওয়ার সময়ে পুলিশের মোবাইল টিম টহল এর ব্যাপারে অফিসার ইন-চার্জ, গোলাপগঞ্জ মডেল থানা, গোলাপগঞ্জ, সিলেট-কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | (চ) অফিসার ইন-চার্জ গোলাপগঞ্জ মডেল থানা, গোলাপগঞ্জ, সিলেট |

সভাপতি আইন-শৃঙ্খলা পরিস্থিতির উন্নতিতে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মিল্টন চন্দ্র পাল
উপজেলা নির্বাহী অফিসার
গোলাপগঞ্জ, সিলেট
তারিখ: ২৭ আগস্ট ২০২৫ খ্রিঃ।

স্মারক নং- ০৫.৪৬.৯১৩৮.০০০.১৮.০১৭.২৪.১২৩৪/১

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে-:

০১। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩। ডি. আই. জি. অব পুলিশ, সিলেট রেঞ্জ, সিলেট।
০৪। জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, সিলেট।
০৫। পুলিশ সুপার, সিলেট।
০৬। উপজেলা ........................................ অফিসার (সকল), গোলাপগঞ্জ, সিলেট।
০৭। চেয়ারম্যান ........................................ ইউপি (সকল), গোলাপগঞ্জ, সিলেট।
০৮। জনাব..........................................................................
০৯। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
গোলাপগঞ্জ, সিলেট